# সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ২০

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ মানুষ ধ্বংস হয়ে গেছে বলা নিষেধ

আরবী

20- عَنْ أَبِي هُرَيْرَةَ ـ رضي الله عنه ـ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: «إِذَا سَمِعْتُمْ رَجُلاً يَقُولُ: هَلَكَ النَّاسُ، فَهُوَ أَهْلَكُهُمْ، يَقُولُ اللَّهُ: إِنَّهُ هُوَ هَالِكٌ». (حم) حسن

বাংলা

২০. আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "যখন তোমরা কোন ব্যক্তিকে বলতে শোন: মানুষ ধ্বংস হয়ে গেছে, তাহলে সেই অধিক ধ্বংসপ্রাপ্ত[1]। আল্লাহ তা'আলা বলেন: নিশ্চয় সে ধ্বংসপ্রাপ্ত"। [আহমদ] হাদিসটি হাসান।

ফুটনোট

[1] হাদীসটির أهلكهم শব্দে কাফ এর উপর উচ্চারণভেদে দু'টি অর্থ হয়। এক. সে তাদের মধ্যে অধিক ধ্বংসপ্রাপ্ত। দুই. সে তাদেরকে ধ্বংস হয়ে গেছে বলে মনে করেছে। বাস্তবে তারা ধ্বংস হয়েছে এমন নয়। আলেমগণ বলেন, "মানুষ ধ্বংস হয়েছে" এ কথাটি বলা ঐ সময় নিষিদ্ধ, যখন সেটা মানুষদেরকে অসম্মান ও অবজ্ঞা করে নিজের শ্রেষ্ঠত্ব বুঝানো ও তাদের নিকৃষ্ট করার জন্য বলা হবে। কিন্তু যদি কোন মানুষ নিজের ও অন্যান্য মানুষের মধ্যে দ্বীনদারির অভাব দেখে আফসোস করে বলে যে, "মানুষ ধ্বংস হয়ে গেছে" তখন সেটা নিষেধের আওতায় পড়বে না। [সম্পাদক]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21334

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন